মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ ।
ISO 9001:2015 Certified

☎ :.০২৯৯৭৭৩১৫৫৪, ০২৯৯৭৭৩১৭৪৭
ই-মেইল-mngpbs@gmail.com
ওয়েব-www.pbs.munshiganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০২.০০৮.২৫- ৬০৪০

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ ১৪৩২
২৬ মে ২০২৫

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত বর্ণিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম ও পদের সংখ্যা | বয়সসীমা | বেতন ও ভাতা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | **পদের নাম-** ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)<br><br>**পদের সংখ্যা-** ০১ (এক) টি কম/বেশী হতে পারে। | **২৬/০৬/২০২৫** খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে থাকতে হবে। | পবিস বেতন কাঠামো'২০১৬ (সংশোধিত-২০২১) অনুযায়ী ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- সহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ২.৫০ থাকতে হবে।<br>খ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজি ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভুক্তকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) পরিচ্ছন্ন ও নিয়মমাফিক কাজ করতে সক্ষম হতে হবে। | মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী মুন্সীগঞ্জ জেলার মুন্সীগঞ্জ সদর, শ্রীনগর, লৌহজং, সিরাজদিখান ও টংগীবাড়ী উপজেলা এবং নারায়ণগঞ্জ জেলার আলীরটেক ও বক্তাবলী ইউনিয়ন, শরীয়তপুর জেলার নড়িয়া ও ভেদরগঞ্জ উপজেলার চরআত্রা, কাচিকাটা ও নওপাড়া ইউনিয়ন, জাজিরা উপজেলার কুন্ডেরচর ইউনিয়ন, চাঁদপুর জেলার মতলব উপজেলার এখলাছপুর, মোহনপুর ও জহিরাবাদ (আংশিক) ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ব্যতীত **অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ০২ | **পদের নাম -** সহকারী ক্যাশিয়ার<br><br>**পদের সংখ্যা-** ০৬ (ছয়) টি কম/বেশী হতে পারে। | | | ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে।<br>খ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) অফিস যন্ত্রপাতি এবং কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে জামানত হিসেবে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে।<br>ঙ) প্রার্থীর গ্রাহকের সাথে স্বতঃস্ফূর্ত আচরণ করার সক্ষমতা থাকতে হবে। | |

**শর্তাবলীঃ**

১) **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ** মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (**www.pbs.munshiganj.gov.bd**) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) ডাউন লোড পূর্বক নিজ হাতে পূরণ করে **আগামী ২৬/০৬/২০২৫ খ্রি. তারিখ** অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র পৌঁছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা সরাসরি কোন আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত ফরম ব্যতীত আবেদন পত্র বিবেচনা করা হবে না। **খামের উপরে অবশ্যই পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।**

২) **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি (মার্ক শীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

গ) কম্পিউটার পরিচালনার সনদপত্রের সত্যায়িত কপি।

ঘ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ পত্রের সত্যায়িত কপি।

ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।

চ) বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এর অনুকূলে ১০০/- (একশত) টাকা মূল্য মানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩) সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম, পদবী সম্বলীত সীল থাকতে হবে।

৪) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫) প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে সম্পাদন, প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (**পবিস নির্দেশিকা** ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন **পরিধিতে নিয়মিত** করা হবে।

৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১; **তারিখ**-২৩/০৭/২০২৪ খ্রিঃ মোতাবেক সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি প্রযোজ্য হবে।

৭) মুন্সীগঞ্জ পবিস এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। এছাড়া মুন্সীগঞ্জ পবিস এর ভৌগোলিক এলাকায় (মুন্সীগঞ্জ জেলার মুন্সীগঞ্জ সদর, শ্রীনগর, লৌহজং, সিরাজদিখান ও টংগীবাড়ী উপজেলা এবং নারায়ণগঞ্জ জেলার আলীরটেক ও বক্তাবলী ইউনিয়ন, শরীয়তপুর জেলার নড়িয়া ও ভেদরগঞ্জ উপজেলার চরআত্রা, কাচিকাঁটা ও নওপাড়া ইউনিয়ন, জাজিরা উপজেলার কুন্ডেরচর ইউনিয়ন, চাঁদপুর জেলার মতলব উপজেলার এখলাছপুর, মোহনপুর ও জহিরাবাদ (আংশিক) ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসরত) প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।

৮) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯) ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।

১০) প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস/সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১১) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

১৩) যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪) অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৫) নিয়োগ লাভের ক্ষেত্রে যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(মোঃ ইউসুফ আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে সাঁটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (দঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (দক্ষিণ), বাপবিবো, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
০৬। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ................. পবিস ১/২/৩/৪
০৮। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৯। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, মুন্সীগঞ্জ।
১০। ডিজিএম, কারিগরী/(সিরাজদিখান/মুন্সীগঞ্জ/শ্রীনগর/টংগিবাড়ী/লৌহজং) জোনাল অফিস, মুপবিস।
১১। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব)/নিমতলা/নওপাড়া/ভাগ্যকুল/চরডুমুরিয়া/ডিক্রীরচর সাব-জোনাল অফিস, মুপবিস।
১২। এজিএম (আইটি-১/২), মুপবিস (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১৩। নোটিশ বোর্ড, মুপবিস।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ ইউসুফ আলী)
জেনারেল ম্যানেজার

**ফরম-১**

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারী ক্যাশিয়ার/ডাটা এন্ট্রি অপারেটর পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ০৪/২০২৪-২০২৫

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ____________________

৩. পদের ধরণ: নিয়মিত

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ..........................................

৫. প্রকাশনার তারিখ ..........................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) .......................... (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ..........................

৭. জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন অনুযায়ী) .......................... (দিন/মাস/বছর)

৮. মাতার নাম ..........................................

৯. বয়স ( ২৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখে) ..........................................

১০. পিতার নাম ..........................................

১১. ধর্ম ..........................................

১২. জাতীয়তা ..........................................

১৩. নিজ জেলা ..........................................

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর ..........................................

১৫. বৈবাহিক অবস্থা ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক √) দিন ঃ

| | | | |
|---|---|---|---|
| | *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান* | | *শারীরিক প্রতিবন্ধী* |
| | *ক্ষুদ্র নৃ-গোষ্ঠী* | | *তৃতীয় লিঙ্গ* |

১৭. স্থায়ী ঠিকানাঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী .......................... খ. ডাকঘর .......................... গ. উপজেলা/থানা .......................... ঘ. জেলা ..........................

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

........................................ ........................................ ........................................ ........................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

........................................ ........................................ ........................................

১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ২০. ব্যাংক ড্রাফট এর মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে মুন্সীগঞ্জ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে মুন্সীগঞ্জ পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

--------------------------------------- ---------------------------------------

তারিখ আবেদনকারী স্বাক্ষর

# মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ............................................................................

পরীক্ষার তারিখ ঃ ............................................................................

পরীক্ষার সময় ঃ ............................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ............................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ............................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ............................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ............................................................................

প্রার্থীর নাম ঃ ............................................................................

**প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক**............................................................

............................................................................................................

............................................................................................................

............................................................................................................

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১) পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২) নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩) উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪) পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন, ক্যালকুলেটর ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

৫) চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬) পরীক্ষার সময় মূল কাগজপত্র সংগে আনতে হবে।

৭) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮) উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর পবিস এর কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।